তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ২৬/২০১৫

অভিযোগকারী ঃ জনাব আবুল কাশেম আল আছাদ (ফয়সল)
পিতা-মৃত আব্দুস সোবহান
৩৯৩, জল্লারপাড় (প্রধান সড়ক)
পোষ্ট ও থানা-সদর সিলেট
জেলা-সিলেট-৩১০০।

প্রতিপক্ষ ঃ সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সিলেট সিটি কর্পোরেশন
নগর ভবন, জেলা-সিলেট-৩১০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ২২-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব আবুল কাশেম আল আছাদ (ফয়সল) ২৪-০৩-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রকৌশলী নূর আজিজুর রহমান, চীফ ইঞ্জিনিয়ার (ভারপ্রাপ্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সিলেট সিটি কর্পোরেশন, নগর ভবন, পোষ্ট ও জেলা-সিলেট-৩১০০ বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

অত্র সিলেট সিটি কর্পোরেশন (কর্তৃপক্ষ) কার্যালয়, সদর সিলেট বরাবরে দাখিলিয় বিগত ২৯-০৫-২০০৭ ইং তারিখের ১০৯৩৭ নং ডায়রীভূক্ত লালদিঘীরপাড়/মহাজন পট্রিস্থ সেটেলমেন্ট দাগ নং ৭১০০, ৭০৮০, ৭১০২ ও ৭১০১ দাগ সমূহে ৮ তলা বিশিষ্ট দালান নির্মাণ সংক্রান্ত অনুমোদনের আবেদন প্রসঙ্গে-

- **ক.** **উল্লেখিত ১০৯৩৭ নং ডায়রীভূক্ত ২৯-০৫-২০০৭ ইং তারিখের আবুল কাশেম আল আছাদ দস্তখতি ৮ তলা বিশিষ্ট দালান নির্মান সংক্রান্ত আবেদন, ঐ আবেদনের বিরুদ্ধে জেবুন্নেছা খাতুন ও রহিমুননেছা খাতুন বিগত ২০-০৬-২০০৭ ইং তারিখের ১১৪০৮ নং ডায়রীভূক্ত আপত্তি এবং আব্দুল ওহাব, জুবের আহমদ, আঃ রুপ মোঃ দোহা (সুমন) যৌথভাবে দাখিলীয় বিগত ২০-০৮-২০০৭ ইং তারিখের ১৩৯৩৫ নং ডায়রীভূক্ত আপত্তি এবং আব্দুল মালিক ও আব্দুল মতিন দস্তখতি বিগত ১১-১১-২০০৭ ইং তারিখযুক্ত আপত্তির অনুলিপি, ফটোকপি ও ছাপানো (লিখিত) উভয় পদ্ধতিতে এবং**
- **খ.** **অভিযোগকারীর বিগত ০২-০৯-২০১০ ইং এর ৫৭৩৬ নং ডায়রীকৃত, বিগত ০৯-০৫-২০১০ ইং এর ৩১৮৬ নং ডায়রীকৃত, বিগত ১৮-১০-২০০৭ ইং এর ১৬১৫৬ নং ডায়রীকৃত, বিগত ১১-১১-২০০৭ ইং এর এবং ২৪-১২-২০০৮ তারিখের ৮৭১৬ নং ডায়রীকৃত, বিগত ২৫-০৩-২০০৮ ইং তারিখের ২৯০১ নং ডায়রীকৃত, বিগত ২৭-০২-২০০৮ ইং তারিখের ১৮৭১ নং ডায়রীকৃত, বিগত ০৭-০২-২০০৮ ইং তারিখের ১১৫৭ নং ডায়রীকৃত, বিগত ৩০-১২-২০০৭ ইং তারিখের ১৮৩৩৫ নং ডায়রীকৃত, বিগত ১২-০৩-২০০৭ ইং তারিখের ২৩৮০ নং ডায়রীকৃত ও বিগত ১৯-০৩-২০০৮ ইং তারিখের ২৬৯২ নং ডায়রীকৃত আবেদন সমূহের অনুলিপি, ফটোকপি ও ছাপানো (লিখিত) উভয় পদ্ধতিতে এবং**
- **গ.** **অত্র সিটি কর্পোরেশন কর্তৃক প্রেরিত (জারীকৃত) স্মারক নং এসসিসি/প্রকৌ:/পূর্ত/১/১০০/১৯৫৭ (৩) তারিখ-১০-০৯-২০০৭ ইং এর নোটিশপত্র, জেবুন্নেছা খাতুন গং কর্তৃক দাখিলকৃত ১৮-০৫-২০০৬ ইং তারিখ যুক্ত উত্তরাধিকার সনদ পত্র, স্মারক নং এসসিসি/প্রকৌ:/পূর্ত/১/১০০/৮৭ তারিখ-১২-০২-২০০৯ ইং তারিখযুক্ত নোটিশপত্র, স্মারক নং এসসিসি/প্রকৌ:/পূর্ত/১/১০০/২৪৪২/৬ তারিখ-০৫-১১-২০০৭ ইং নোটিশপত্র, স্মারক নং এসসিসি/প্রকৌ:/পূর্ত/১/১০০/২০০১/৬ তারিখ-১৬-০৯-২০০৭ ইং নোটিশপত্র এর ফটোকপি ও ছাপানো (লিখিত) অনুলিপি উভয় পদ্ধতিতে এবং**
- **ঘ.** **অত্র সিটি কর্পেরেশনের বিজ্ঞ আইন উপদেষ্টার বিগত ০৪-০৮-২০০৭ ইং তারিখের মতামত ও তদপরবর্তী বিজ্ঞ এডভোকেট এ.এইচ.এম এরশাদুল হক সাহেবের মতামতের অনুলিপি, ফটোকপি ও ছাপানো (লিখিত) উভয় পদ্ধতিতে এবং**
- **ঙ.** **উপরোক্ত নির্মান অনুমোদন সংক্রান্ত বিষয়ের শুনানী বিগত ১১-১১-২০০৭ ইং অনুষ্ঠিত হইয়াছে কিনা এবং কি আদেশ (রায়) হলো, তদসংক্রান্ত লিখিত তথ্য সরবরাহ করার এবং নির্মান সংক্রান্ত নথির সমূহ আদেশনামার ফটোকপি ও ছাপানো (লিখিত) উভয় পদ্ধতিতে অর্থাৎ উপরোক্ত (ক) হইতে (ঙ) পর্যন্ত দফায় বর্নিত দলিলাত ও তথ্য সরবরাহ করার নিয়মে ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ সহ প্রার্থনা জানাইতেছি।**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০২-১১-২০১৪ তারিখে জনাব মোঃ আরিফুল হক চৌধুরী, মেয়র ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সিলেট সিটি কর্পোরেশন, নগর ভবন, সিলেট-৩১০০ বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০১-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: পৃ: দ্রঃ)

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব আবুল কাশেম আল আছাদ (ফয়সল) হাজির। প্রতিপক্ষ প্রকৌশলী নূর আজিজুর রহমান, চীফ ইঞ্জিনিয়ার (ভারপ্রাপ্ত), সিলেট সিটি কর্পোরেশন, নগর ভবন, সিলেট হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। প্রতিপক্ষ চীফ ইঞ্জিনিয়ার (ভারপ্রাপ্ত), সিলেট সিটি কর্পোরেশন তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে তার নাম তথ্য কমিশনের ওয়েবসাইটে নেই। সিটি কর্পোরেশনের পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ এর কাজ চলায় এবং নতুন জায়গায় অফিস স্থানান্তর হওয়ায় অনেক পুরাতন নথি পাওয়া যাচ্ছেনা। লালদিঘিরপাড় মহাজনপট্টিস্থ ০৮ তলা দালান নির্মাণ সংক্রান্ত নথি না পাওয়ায় যথাসময়ে তথ্য সরবরাহ করতে পারেননি। নথি সংরক্ষণকারীগণকে নোটিশ দেয়া হয়েছে এবং জিডি এন্ট্রি করা হয়েছে। পরবর্তীতে নথিটির আংশিক পাওয়া গেছে। এছাড়া যাচিত তথ্যের বিষয়ে আদালতে মামলা চলমান রয়েছে। তবে কমিশনের নির্দেশনা অনুযায়ী যে সকল তথ্য সংরক্ষিত রয়েছে তা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর মাধ্যমে সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, চীফ ইঞ্জিনিয়ার (ভারপ্রাপ্ত), সিলেট সিটি কর্পোরেশন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) না হওয়ায় এবং নথি সংরক্ষিত না থাকায় যথাসময়ে যাচিত তথ্য সরবরাহ করতে পারেননি। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর মাধ্যমে অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০১-০৪-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে সংরক্ষিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সিলেট সিটি কর্পোরেশনের সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-	**স্বাক্ষরিত/-**	**স্বাক্ষরিত/-**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(মোহাম্মদ ফারুক)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]